

ফোবানাঃ ডেটলাইন ডালাস

জসিম মল্লিক

ফোবানা সম্মেলনের আর মাত্র ৪৫ দিন বাকি। প্রস্তুতি চলছে পুরোদমে। সম্মেলনকে ঘিরে পুরো ডালাস জুড়ে বিপুল উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে। বাংলাদেশ এসোসিয়েশন অফ নর্থ টেক্সাস(ব্যান্ট) এর উদ্যোগে ডালাসের বুকে তৃতীয়বারের মতো ফোবানা সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্মেলনে প্রধান অতিথি কে হবেন, বাংলাদেশ থেকে শিল্পী কারা কারা আসছেন, অন্যান্য স্টেট থেকে আত্মীয় বন্ধু কে কে আসবেন- কোথায় থাকবেন ইত্যাকার নানা প্রশ্ন এখন সবার মুখে মুখে। আর এসব প্রশ্নের উত্তর তৈরী করতে কর্মকর্তারা গলদঘর্ম হচ্ছেন। অচিরেই চমকে দেয়ার মতো খবর তারা দেবেন বলে আভাস দিয়েছেন। এজন্য কাজ চলছে পুরোদমে। সম্মেলনকে সুষ্ঠু করতে নিয়মিত বৈঠক করছেন তারা। প্রতিটি বিষয় নিয়ে আলোচনা পর্যালোচনা চলছে। গত ১৩ এপ্রিল প্লেনো শহরে এ রকম একটি সভায় সম্মেলনের আহ্বায়ক ও ব্যান্টের সভাপতি হাশমত মুবিন সভাপতিত্ব করেন। সভায় প্রাক্তন সভাপতি ডঃ কালাম ডালাসে অনুষ্ঠিত ১ম ফোবানা সম্মেলনে তার অভিজ্ঞতা নিয়ে বর্তমান কর্মকর্তাদের সাথে মত বিনিময় করেন।

গত ১৮ এপ্রিল আর একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সেখানে সাংস্কৃতিক অনুষ্ঠানকে সফল করার বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। লাগাতার মতবিনিময়ের অংশ হিসাবে ২৭ এপ্রিল আরো একটি আলোচনা সভা বসে। সবগুলোর উদ্দেশ্যই হচ্ছে সম্মেলনকে সার্থক রূপ দেয়া এবং দায়িত্ব বন্টন করা। সভায় উপস্থিত যারা ছিলেন তারা হলেন ব্যান্টের প্রাক্তন সাংস্কৃতিক সচিব জিয়াউল হক, নাট্যকর্মী আনিসুজ্জামান মানিক, নৃত্যশিল্পী শিল্পী, অবাকের প্রাক্তন সভাপতি জুলফিকার শাহ, ব্যান্টের বাংলা স্কুলের সংগীত শিক্ষিকা কুহেলি দে, নাট্যকর্মী মাহমুদ আলী শাহিন, রুদবা হাসান প্রমূখ। ফোবানা সাংস্কৃতিক উপকমিটির সভাপতি মামুন মেহেদিও উপস্থিত ছিলেন।

গত সপ্তাহে ডালাসের আর্ভি শহরে সম্মেলনের প্রধান সমন্বয়কারী জনাব সিদ্দিকীর সভাপতিত্বে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় কাজের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। সম্মেলনের প্রচারের স্বার্থে বিভিন্ন মিডিয়ায় বিজ্ঞাপনের উপর গুরুত্ব দেয়া হয়। এভাবেই চলছে ডালাসের বুকে ২২তম ফোবানা সম্মেলনের প্রস্তুতি। সবার একটাই উদ্দেশ্য সম্মেলনকে সার্থক করা।